

সময়ের ছাপ

-রজত নাথ

কাদামাটি পাড়িয়ে যে সময়টা পেরিয়ে এসেছিলাম,
তার মেঠো গন্ধ এখনো নাকে বয়ে বেড়াই
নদীর গোলা সত আর জং ধরা ঘড়ি,
কাদামাটির ছাপ ধরে রাখতে দেয়নি ঠিকই,
কিন্তু ,বয়ে চলা সময়ের সাঁকো ধরে মন
অহরহ ধাক্কা মারে সেই অতি পরিচিত
কর্দমাজু কোমল পলি মাটিতে ।
হয়তো সেখানে আর খুঁজে পাবোনা
আমার ফেলে আসা পায়ের ছাপ,
তবু এখনো সেই মেঠো গন্ধ মাতিয়ে তোলে আমাকে